

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০১৮.২২.০০১.১৭-৭৬০—জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭-এর বিধি ২৩ এর উপ-বিধি (৭) এর ক্ষমতাবলে সরকার জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিস নিম্নোক্তভাবে পুনঃ নির্ধারণ করিল, যথা—

(১)	(২)	(৩) দেশে	(৪) বিদেশে
১.	জন্ম বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন	বিনা ফিসে	
২।	জন্ম বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর হইতে ৫(পাঁচ) বৎসর পর্যন্ত কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন (সাকুল্যে)	২৫ টাকা	১ মার্কিন ডলার
৩।	জন্ম বা মৃত্যুর ৫(পাঁচ) বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন (সাকুল্যে)	৫০ টাকা	১ মার্কিন ডলার
৪।	জন্ম তারিখ সংশোধনের জন্য আবেদন ফি	১০০ টাকা	২ মার্কিন ডলার
৫।	জন্ম তারিখ ব্যতীত নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা ইত্যাদি অন্যান্য তথ্য সংশোধনের জন্য আবেদন ফি	৫০ টাকা	১ মার্কিন ডলার
৬।	বাংলা ও ইংরেজি উভয় ভাষায় মূল সনদ বা তথ্য সংশোধনের পর সনদের কপি সরবরাহ	বিনা ফিসে	বিনা ফিসে
৭।	বাংলা ও ইংরেজি উভয় ভাষায় সনদের মকল সরবরাহ	৫০ টাকা	১ মার্কিন ডলার

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

মোঃ আবদুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৯৬১)

মূল্য : টাকা ৪.০০